



থাইল্যান্ডে আসছে ৫ হাজার মার্কিন সেনা, যৌনকর্মীদের সতর্ক করল প্রশাসন



ছবি: সংগৃহীত

থাইল্যান্ডের পর্যটন শহর পাতায়্যায় ভিড়তে যাচ্ছে মার্কিন নৌবাহিনীর যুদ্ধজাহাজ ইউএসএস আব্রাহাম লিংকন। জাহাজটিতে থাকা প্রায় ৫ হাজার মার্কিন সেনা দীর্ঘ সময় সাগরে দায়িত্ব পালনের পর বিশ্রামের জন্য শহরটিতে নামবেন।

দুই শতাধিক দিন সমুদ্রে থাকার পর সেনাদের এই সফরকে ঘিরে স্থানীয় ব্যবসায়ীদের মধ্যে আশার সঞ্চার হয়েছে। দীর্ঘদিনের মন্দায় হোটেল, দোকানসহ বিভিন্ন ব্যবসায়িক প্রতিষ্ঠানে ফ্রোতা কমে যাওয়ায় নতুন এই আগমন স্থানীয় অর্থনীতিতে কিছুটা গতি আনতে পারে। মেয়রের হিসাব অনুযায়ী, একজন সেনা প্রতিদিন প্রায় ৩০ থেকে ৯১ মার্কিন ডলার ব্যয় করতে পারেন।

তবে বিপুলসংখ্যক সেনার একসঙ্গে শহরে আগমন নিয়ে উদ্বেগও রয়েছে। যৌন নিপীড়ন ও বিভিন্ন রোগ ছড়িয়ে পড়ার আশঙ্কায় সতর্ক অবস্থানে রয়েছে স্থানীয় প্রশাসন। থাইল্যান্ডে পতিতাবৃত্তি আইনত নিষিদ্ধ হলেও পাতায়্যায় এর উপস্থিতি প্রকাশ্যভাবেই দেখা যায়।

সেনাদের আগমনের আগে শহরের নাইটলাইফ এলাকা ও সৈকতসংলগ্ন স্থানে পুলিশি টহল বাড়ানো হয়েছে। অভিযান চালিয়ে ইতোমধ্যে প্রায় ৫০ জনকে আটক করেছে কর্তৃপক্ষ। ইউএসএস আব্রাহাম লিংকন গত বছরের নভেম্বরে যাত্রা শুরু করে। পরে মধ্যপ্রাচ্যে ইসরায়েল ও ইরানের সংঘাতের কারণে জাহাজটিকে ওই অঞ্চলে দীর্ঘ সময় অবস্থান করতে হয়। দীর্ঘদিন সমুদ্রে দায়িত্ব পালনের পর পাতায়্যায় এই সফর সেনাদের কিছুটা বিশ্রাম ও স্বস্তির সুযোগ দেবে বলে ধারণা করা হচ্ছে।